

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
ব্রাহ্মণবাড়িয়া শাখা, ব্রাহ্মণবাড়িয়া

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখা, ব্রাহ্মণবাড়িয়া এর ঋণগ্রহীতা মেসার্স আফতাব এন্টারপ্রাইজ এর প্রোগ-জনাব আবদুর রাজ্জাক মাসুদ, পিতা-আফতাব উদ্দিন আহম্মেদ, মাতা-দিলারা বেগম ওরফে দিলারা আহম্মেদ, ব্যবসায়িক ঠিকানাঃ টি.এ. রোড, ব্রাহ্মণবাড়িয়া, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ ৭২৫, শাহনেওয়াজ রোড, কাজীপাড়া, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, থানা ও জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া এবং আবদুল জব্বার মামুন, আবদুস সাত্তার সুমন, সর্ব পিতাঃ আফতাব উদ্দিন আহম্মেদ, মাতা-দিলারা বেগম ওরফে দিলারা আহম্মেদ, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ ৭২৫, শাহনেওয়াজ রোড, কাজীপাড়া, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, থানা ও জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া এবং তাহমিনা আক্তার, স্বামীঃ শরিফুল হক, পিতা-আফতাব উদ্দিন আহম্মেদ, মাতা-দিলারা বেগম ওরফে দিলারা আহম্মেদ, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মেরুরা, পূর্ব মেডা, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, থানা ও জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক ইউসিবি, ব্রাহ্মণবাড়িয়া শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৭/১২/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট টাকা ৪৬,৬৬,৫৬১.৪১ (ছেচল্লিশ লক্ষ ছেষটি হাজার পাঁচশত একষট্টি টাকা একচল্লিশ পয়সা মাত্র) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-সাবেক কুমিল্লা, বর্তমানে ব্রাহ্মণবাড়িয়া, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া, মৌজা-ব্রাহ্মণবাড়িয়া (মহল্লাঃ কাজীপাড়া মৌলভিহাটি), জে.এল. নং-সাবেক-২৭৪, হাল-৭১, সি.এস. খতিয়ান নং-১৩২৮, এস.এ. খতিয়ান নং-১২৭৩, ২৫৮, ডি.পি. খতিয়ান নং-১৬৪১, নামজারি খতিয়ান নং-২৫৮/২, সি.এস. দাগ নং-৫৩৬, এস.এ. দাগ নং-৭০২, ৭০৮, বি.এস. দাগ নং-১৬৫৮, মোট জমির পরিমাণ-৩.৫৯ শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে-আবদুল মান্নান, দক্ষিণে-হাবিবুল্লাহ, পূর্বে-এ এন এম রফিকুল্লাহ এবং পশ্চিমে-পুকুর।

নিলামের শর্তাবলী ঃ-

- ১। আগামী ১৫/০১/২০১৯ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ব্রাহ্মণবাড়িয়া শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ব্রাহ্মণবাড়িয়া শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য গুণ্ড প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বাস্কাণবাড়িয়া শাখা, বাস্কাণবাড়িয়া।